

প্রেস রিলিজ

ঢাকা, ১৭ মার্চ ২০২৩

আজ ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩। দিবস উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন ও বেলুন উড়িয়ে দিবসের সূচনা করা হয়। আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রাক্কালে ১০৩ পাউন্ডের কেক কাটা হয়।

সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও এ অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম ও সমাজসেবা অধিদপ্তর মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ মোস্তফা কামাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরকারি শিশু পরিবার তেজগাঁও এর সপ্তম শ্রেণির শিক্ষার্থী বৃষ্টি আক্তার।

প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি বলেন, একটি আলোর কণা পেলে যেমন লক্ষ প্রদীপ জ্বলে ওঠে। বঙ্গবন্ধু ছিলেন তেমনই এক প্রদীপ শিখা। তিনি জন্মেছিলেন সারা বিশ্বকে চমকে দিতে। তাঁর ডাকে সাঁড়া দিয়ে সাড়ে সাত কোটি মানুষ ঐক্যবদ্ধ হয়। জয় বাংলা স্লোগানে মুখরিত হয়ে বাংলাদেশকে স্বাধীন করে। স্বাধীনতা বিরোধীদের ষড়যন্ত্র কাছে বঙ্গবন্ধু শীর নত করেননি। তাই আমাদের ইতিহাস থেকে শিক্ষা নিতে হবে। আমাদের স্মরণ রাখতে হবে মীরজাফরী করে ইতিহাস মুছে ফেলা যায় না। দেশের জনগণ আজ শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ আছে। বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা তাই কেউ ঠেকাতে পারবে না।

২। এ বছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর দেশব্যাপী নানামুখি কর্মসূচি গ্রহণ করে। দেশব্যাপী প্রতিটি জেলা, উপজেলায় অবস্থিত সমাজসেবা অধিদপ্তর অধীন সকল কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর পরিচালিত প্রতিষ্ঠানের (শিশু পরিবার) ২০ হাজার শিশু রচনা প্রতিযোগিতা, বেলুন ওড়ানো, কেক কাটার মাধ্যমে শ্রদ্ধা ও ভালোবাসায় দিনটি উদযাপন করে।

৩। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখবেন জনাব সৈয়দ মোঃ নূরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ)। সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাদের পক্ষে বক্তব্য রাখবেন জনাব মোঃ সাফায়েত হোসেন তালুকদার, মহাসচিব, বাংলাদেশ সমাজসেবা অফিসার্স এসোসিয়েশন এবং কর্মচারীদের পক্ষে বক্তব্য রাখবেন জনাব মোঃ গোলাম ফারুক, সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ সমাজসেবা কর্মচারী কল্যাণ সমিতি।

এস্যান্সনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার	রকিব আহমেদ উপপরিচালক গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ
--	--